

# বাংলাদেশ ইনস্টিটিউট অব ক্যাপিটাল মার্কেট

বিজিআইসি টাওয়ার, ৩৪, তোপখানা রোড, ঢাকা-১০০০

## প্রেস বিজ্ঞপ্তি

বিআইসিএম এর ২০২৫-২৬ অর্থবছরের ইনোভেশন প্রদর্শনী অনুষ্ঠিত

ঢাকা (১৯.০৫.২০২৬):



বাংলাদেশ ইনস্টিটিউট অব ক্যাপিটাল মার্কেট (বিআইসিএম)-এর ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২৫-২৬ বাস্তবায়নের লক্ষ্যে উদ্ভাবনী ধারণাসমূহ নিয়ে ইনোভেশন প্রদর্শনী (শোকেসিং) আজ ১৯ মে ২০২৬ তারিখ বিকেল ৪.০০ ঘটিকায় ইনস্টিটিউটের মাল্টিপারপাস হলে অনুষ্ঠিত হয়েছে।

উক্ত প্রদর্শনী উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বিআইসিএম-এর নির্বাহী প্রেসিডেন্ট জনাব ওয়াজিদ হাসান শাহ। ইনস্টিটিউটের সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক জনাব শ্রাবনীকা চাকমার সঞ্চালনায় অনুষ্ঠানে বিআইসিএম কর্তৃক গৃহীত উদ্ভাবনী ধারণাসমূহের উপস্থাপনা পেশ করেন ইনস্টিটিউটের প্রভাষক জনাব ফাইমা আক্তার ও প্রভাষক জনাব গৌরব রায়। এ সময়

বিআইসিএম-এর ইনোভেশন অফিসার ও পরিচালক (প্রশাসন ও অর্থ) জনাব নাজমুহ সালাহীনসহ ইনস্টিটিউটের ইনোভেশন কমিটির সদস্যবৃন্দ ও অন্যান্য কর্মচারীগণ উপস্থিত ছিলেন।

ইনোভেশন প্রদর্শনী অনুষ্ঠানে বিআইসিএম কর্তৃক এই অর্থ বছরে বাস্তবায়িত ২টি উদ্ভাবনী ধারণা প্রদর্শন করা হয়, যার মধ্য থেকে “ই-সার্টিফিকেট নাম্বারিং এন্ড ইস্যুয়েন্স” শ্রেষ্ঠ উদ্ভাবন হিসেবে নির্বাচিত হয়।

ধন্যবাদান্তে,

(মোহাম্মাদ আব্দুল্লাহিল ওয়ারিশ)

জনসংযোগ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)

বাংলাদেশ ইনস্টিটিউট অব ক্যাপিটাল মার্কেট

ফোনঃ ০১৭১৮-৭৬৯৮১২

ই-মেইলঃ oarish@bicm.ac.bd